

২৫। প্রভু, লোকেরা যেন আলবেনিয় আশাময়ী নারী অনুষ্ঠানগুলির প্রতি আকৃষ্ট হয়, তোমার সম্পর্কে আরও অধিক জানতে চায় এবং খ্রীষ্টকে জানতে পারে। (হিতোপদেশ ৮:১৭)

২৬। পিতা, আমরা ভারতের মহিলাদের জন্য প্রার্থনা করি যেহেতু তাদের বিবাহ, শিক্ষা এবং চাকরীর জন্য এক রাজ্য থেকে আরেক রাজ্যে যেতে হয়। এমনকী তারা যেহেতু কষ্ট এবং বিভিন্ন রকমের পরীক্ষার সম্মুখীন হয়, সেহেতু স্থানীয় খ্রীষ্টিয় সহভাগিতার মাধ্যমে তাদের আত্মিক জীবন যেন পুনরুদ্ধার প্রাপ্ত হয়। (ইব্রীয় ১০:২৪-২৫)

২৭। আগের শতাব্দীতে, কোরিয়া সুসমাচার অপ্রসারিত জনগোষ্ঠীগুলির কাছে মিশনারী প্রেরণের কারখানায় পরিণত হয়েছে। প্রার্থনা করুন যাতে দক্ষিণ কোরিয়া সুসমাচার অপ্রসারিত এলাকায় সুসমাচার প্রসারিত করার জন্য একটি সুদৃঢ় মিশন কৌশল তৈরী করার পথে চালিত হওয়ার জন্য এই অভিজ্ঞতাকে ব্যবহার করে। (গীত ৩২:৮)

২৮। প্রভু, আমাদের কসোভিয়ার দলটি যে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি, ভিডিওগুলি এবং ফেসবুকের বিষয়গুলি প্রস্তুত করেছে তা যেন বিশ্বাসীদের উৎসাহিত করে এবং যীশুর সত্যগুলি বিবেচনা করে এবং গ্রহণ করে। (গীত ৮৬:১১)

২৯। ঈশ্বর, ইন্দোনেশিয়ার ১০টি বিচ্ছিন্ন হওয়া আদিবাসীদের কোনও স্কুল, চিকিৎসাকেন্দ্র অথবা বাহ্যিক জগতের সঙ্গে কোনও সংযোগ নেই। তাদের শারীরিক প্রয়োজনগুলি পূরণ করার জন্য লোকদের আনুন এবং তাদের আত্মিক প্রয়োজনগুলি পূরণ করার জন্য তাদের হৃদয়ের ভাষায় পবিত্র শাস্ত্র অনুবাদ করার জন্য অনুবাদের দল নিয়ে আসুন। (১ যোহন ৩:১৭)

৩০। প্রভু, ইথিওপীয়ায় আমাদের ট্রাস্ট ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলগুলি অন্য ধর্মের মহিলাদের যে ভালোবাসার পরিষেবা দিচ্ছে তার জন্য তোমাকে ধন্যবাদ। "হিলিং ভয়েস" শোনার মাধ্যমে এবং অন্যান্য স্বাস্থ্য পরিষেবাগুলি দানের মাধ্যমে, অনেক মহিলারা যীশুকে বিশ্বাস করছেন। (১ পিতর ৪:১০)

৩১। পিতা, যারা আমাদের ফ্রান্সের অংশীদার কতৃক বিনামূল্যে প্রদত্ত বাইবেলগুলি লাভ করেছে, তারা যেন তোমার পবিত্র শাস্ত্র পাঠ করে, তোমাকে জানতে পারে, এবং যীশুর মাধ্যমে তোমার পরিত্রাণের বাণী গ্রহণ করে। (রোমীয় ১০:১৭)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয় সীমার নিচে বসবাস করছে, এবং দিনদিন শিক্ষিত বেকারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সকল স্তরের মানুষ দারিদ্র্যতার হাত থেকে বাঁচতে পারে, এবং মেয়েদের কর্মসংস্থান বৃদ্ধি পায়।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্ত বিশ্বাসীগণ বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের চাল হয়ে সমস্ত বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.



## Women of Hope Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাষায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



2021. 05.

সুসমাচার বঞ্চিত জাতীর জন্য প্রার্থনা।

তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্য কর; পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজ কর; 20আমি তোমাদিগকে যাহা যাহা আজ্ঞা করিয়াছি, সে সমস্ত পালন করিতে তাহাদিগকে শিক্ষা দেও। আর দেখ, আমিই যুগান্ত পর্যন্ত প্রতিদিন তোমাদের সঙ্গে সঙ্গে আছি। ( মথি ২৮ : ১৯ - ২০ )  
যীশু খ্রীষ্টের শেষ আজ্ঞা অনুযায়ী, পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত আমরা যেন সুসমাচার প্রচার করি। পৃথিবীর শেষ প্রান্ত হল আমাদের প্রতিবেশী, বন্ধু বান্ধব ও আমাদের পরিবারের আত্মীয় ও প্রিয়জন .

TWR Korea 북방선교방송

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층  
전화 (02)886-5671 / 이메일 phkorea@twr.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। পিতা, ইথিওপীয়ার বিশ্বাসীদের প্রজ্ঞা দিন যেহেতু তারা সুসমাচার অপ্রসারিত সমাজগুলির কাছে সুসমাচার সহভাগিতা করছে, যে সমাজগুলির প্রত্যেকটির তাদের নিজস্ব ধর্মীয় বিশ্বাস এবং সংস্কৃতিক রীতিনীতি আছে। অবিশ্বাসীরা যেন যীশুর জীবন এবং সত্যের দ্বারা আকর্ষিত হতে পারে। (যাকোব ১:৫)

২। উত্তর কোরিয়া একটি সুসমাচার অপ্রসারিত দেশ এবং খ্রীষ্টানদের বিরুদ্ধে অত্যাচারের উচ্চ হারের জন্য ওপেন ডোর্স ওয়ার্ল্ড ওয়াচ তালিকার শীর্ষে এই দেশটি আছে, ঈশ্বর যেন এই বিচ্ছিন্ন দেশটির মধ্যে সুসমাচার প্রচারের জন্য আশাময়ী নারী সম্প্রচার ব্যবহার করতে সাহায্য করেন। (১ পিতর ৪:১৫-১৬)

৩। প্রভু, বোনেয়ারের অসংখ্য লোক তোমার বাক্য শুনেছে। যে পরিচর্যাগুলি তাদের কাছে সুসমাচার পৌঁছে দিচ্ছে ঈশ্বর সেই পরিচর্যাগুলিকে আশীর্বাদ করুন। তাদেরকে তুমি তোমার কাছে ফিরিয়ে নিয়ে এসো যারা বিপথগামী হয়েছে এবং তাদের সমস্ত পাপের শক্তি ভেঙ্গে দাও যাতে তারা তোমাকে তাদের ত্রাণকর্তা এবং প্রভু বলে চিনতে পারে। (ইফিষীয় ৬:১২)

৪। পিতা ফিনিশীয় বিশ্বাসীদের ধর্মিক জীবন যাপন করতে সাহায্য কর যা যীশুকে প্রতিফলিত করে। তাদেরকে তাদের বিশ্বাস এবং আশা সহভাগিতা করার জন্য এবং যারা তোমাকে জানে না অথবা যে সমস্ত খ্রীষ্ট বিশ্বাসীরা তাদের খ্রীষ্টিয় বিশ্বাস থেকে অনেক দূরে সরে গিয়েছে তাদের কাছে তোমার সাম্প্রতিক সহভাগিতা করার জন্য সুসজ্জীভূত কর। (ফিলিপীয় ১:৫)

৫। ঈশ্বর, আমরা আমাদের উরুগুয়ের দলটির জন্য তোমার প্রশংসা করি কারণ তারা তাদের দেশের সুসমাচার অপ্রসারিত লোকদের জন্য বিশ্বস্তভাবে প্রার্থনা করছে। দলের সদস্যরা যখন রেডিও এবং আশাময়ী নারী অনুষ্ঠানগুলির সম্প্রচারের দ্বারা প্রতি সন্ধ্যায় প্রার্থনা করেন তখন এই বিষয়টি অবিশ্বাসীদের পরিচর্যার কাছে নিয়ে আসতে সাহায্য করে। (কলসীয় ৪:৩-৪)

৬। প্রভু, তুমি কন্বোডিয়ায় খ্রীষ্ট বিশ্বাসীদের এবং অবিশ্বাসীদের ভ্রান্ত শিক্ষা গ্রহণ করা থেকে সুরক্ষিত কর। সত্য জানার জন্য তোমার প্রজ্ঞা তাদেরকে দাও। (যিরমিয় ২৩:১৬)

৭। পিতা, আমরা বুরুন্দির বাতওয়া আদিবাসীদের জন্য প্রার্থনা করি। লোকেরা প্রথাগতভাবে অন্য সমাজের থেকে আলাদা থাকে কিন্তু তারা তাদের সন্তানদের সরকারী স্কুলগুলিতে পাঠাতে শুরু করেছে। তাদের

ভাষায় পবিত্র শাস্ত্র অনুবাদ করার জন্য এবং তাদের প্রয়োজনগুলির পরিচর্যা করার জন্য তিনি যেন লোক পাঠিয়ে দেন। (হিতোপদেশ ১৯:১৭)

৮। আত্মিক বিশেষ জ্ঞান এবং মুক্তি লাভ করার আশায়, ভারতের শিক্ষিত পরিবারগুলি কয়েক সময় গুপ্ত বিষয়গুলির অনুশীলন করে যা তাদেরকে আত্মহত্যা এবং নরহত্যার দিকে চালিত করে। প্রভু, খ্রীষ্টের মাধ্যমে এই সমস্ত লোকদের পুনরুদ্ধার করার জন্য বিশ্বাসীদের তাদের কাছে পৌঁছাতে সাহায্য কর। (হিতোপদেশ ৯:১০-১১)

৯। ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী সংস্থার সঙ্গে যে সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলির অংশীদারত্ব আছে ঈশ্বর সেই অংশীদারত্বকে শক্তিশালী করুন এবং আমাদের যৌথ প্রচেষ্টাগুলিকে পথ দেখান যাতে বহু মানুষ তাদের ত্রাণকর্তা হিসাবে যীশুর কাছে ফিরে আসে। (মথি ৯: ৩৭-৩৮)

১০। ঈশ্বর, আলবেনিয় খ্রীষ্ট বিশ্বাসীদের অন্ধকারে আলো হতে এবং তোমার নামে লোকদের সেবা করতে সক্ষম করুন। অবিশ্বাসীরা যেন তোমার সঙ্গে এই জীবন পরিবর্তনকারী সম্পর্কের কামনা করে। (মথি ৫:১৫)

১১। হে পিতা, তোমাকে ধন্যবাদ দিই যে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি উত্তর ককেশাস থেকে প্রতিবাসী রিপাবলিকগুলিতে পৌঁছে যাচ্ছে যেখানে ভিন্ন ধর্মীয় বিশ্বাস অনুশীলিত হয়। সংকেতগুলি যেন শক্তিশালী হয় এবং সেই সমস্ত ব্যক্তিদের কাছে পৌঁছায় যাদের যীশুর কথা শোনা প্রয়োজন। (মার্ক ১৬: ১৫-১৬)

১২। প্রভু, অনুগ্রহ করে পোলাণ্ডে আমাদের দলে মহিলা স্বেচ্ছাসেবীদের আনুন যারা "তুমি মূল্যবান" শীর্ষক সম্প্রচারিত বাণীসহ জীবনের কঠিন পরিস্থিতিগুলিতে স্থিত মহিলাদের কাছে পৌঁছাতে আগ্রহী হবে। (গালাতীয় ৬:১০)

১৩। হে পিতা, অনুগ্রহ করে আমাদের অংশীদার, নোরিয়া নোরওয়ে সংস্থাটিকে তহবিল এবং মধ্যস্থতাকারীদের জোগান দাও যেহেতু তারা প্রচার মাধ্যমের দ্বারা সুসমাচার অপ্রসারিত লোকদের কাছে সুসমাচার সহভাগিতা করছে। (কলসীয় ৪:২)

১৪। প্রভু, পৃথিবীতে সুসমাচার অপ্রসারিত জনগোষ্ঠীগুলির মধ্যে চীন দ্বিতীয় সর্বোচ্চ স্থানে আছে। রাজনৈতিক আবহাওয়া যেমনই হোক না কেন চৈনিক বিশ্বাসীদের সুসমাচার সহভাগিতা করার জন্য সৃজনশীলতা এবং নিষ্ঠাকতা দাও। (২ তীমথিয় ৪:২)

১৫। হে পিতা, প্যারাগুয়ের চার্চগুলিকে পরিচালিত কর যাতে তারা তাদের কর্মীদের পরিচর্যা কাজের জন্য দক্ষতার সঙ্গে প্রস্তুত করতে এবং প্রশিক্ষণ দিতে পারে যাতে আরও অধিক লোকেরা যেন তোমার সুসমাচার জানতে পারে এবং সমগ্র পরিবারগুলি খ্রীষ্টের প্রতি ফিরে আসে। (২ তীমথিয় ৩:১৬)

১৬। হে ঈশ্বর, ট্রান্স ওয়ার্ল্ড রেডিও জার্মান জাতীয় অংশীদারের জন্য তোমার প্রশংসা হোক যেহেতু তারা প্রচার মাধ্যম, প্রার্থনার ক্যালেন্ডারগুলি এবং বিভিন্ন উপকরণগুলি মাধ্যমে এমনভাবে অবিশ্বাসীদের কাছে পৌঁছাচ্ছে যাতে তারা বাইবেল জানে না তারা সহজেই তা বুঝতে পারে। (রোমীয় ১০:১৪)

১৭। প্রভু, ইউক্রেনে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটিকে তাদের অনুষ্ঠানগুলি এবং উপকরণগুলি সহ ব্যবহার কর, যাতে তারা তাদের দেশের অবিশ্বাসী মহিলাদের অন্তরে পৌঁছাতে পারে। (রোমীয় ১০:৯)

১৮। ঈশ্বর, ফিলিপাইনের আমাদের দলটিকে প্রজ্ঞা দিন যাতে তারা হতাশাগ্রস্ত এবং আশাহীন লোকদের উৎসাহিত করতে পারে এবং তারা ভিন্ন ভিন্ন ধর্মীয় বিশ্বাস অনুসরণ করে তাদের প্রতি যেন কার্যকর ভাবে সাড়া দিতে পারে। (হিতোপদেশ ২:৬)

১৯। হে পিতা, মে মাসের ২৩ তারিখের রবিবার আন্তর্জাতিক দিবসে সুসমাচার অপ্রসারিত লোকদের জন্য ঐক্যবদ্ধ হওয়া ৪০ প্লাস মিশন সংস্থাগুলিকে ব্যবহার করো, যাতে সুসমাচার সহভাগিতা করার জন্য বিশ্বাসীদের প্রস্তুত করা যায়। (মথি ২৮:১৯)

২০। প্রভু, তোমাকে ধন্যবাদ, কারণ ডেনমার্ক লোকেরা বিভিন্ন উপায়ে সুসমাচার শুনতে পাচ্ছে। এই দেশে পরিভ্রাণ অপ্রাপ্ত লোকেরা যারা জীবনের অর্থ অন্বেষণ করছে তারা যেন সুসমাচার শুনতে পায় এবং তোমার কাছে ফিরে আসে। (রোমীয় ১:১৬)

২১। হে পিতা, স্পেনের অবিশ্বাসীদের চোখগুলি খুলে দাও যারা এই অতিমারীতে কষ্ট পাচ্ছে, কালভেরীতে ক্রুশের উপর প্রকাশিত তোমার ভালোবাসা তারা যেন দেখতে পায়। (যোহন ৩:১৬)

২২। প্রভু, আমরা প্রার্থনা করি পবিত্র আত্মা যেন সুইডিশ ভাষায় কথা বলা অবিশ্বাসীদের জীবনে কাজ করেন যারা তাদের জন্য তোমার মহান প্রেম উপলব্ধি করার জন্য "হৃদয়ের উদ্যান" অনুষ্ঠানটি শোনে। (১ যোহন ৪:১৬)

২৩। পিতা, আমরা দক্ষিণ আফ্রিকার সুসমাচার অপ্রসারিত লোকদের জন্য প্রার্থনা করি যারা তাদের হৃদয় কঠিন করার বিষয়টি বেছে নিয়েছে এবং তোমার কণ্ঠস্বরের প্রতি তাদের আত্মিক কাণগুলি বন্ধ করে দিয়েছে। (ইব্রীয় ৩:৮)

২৪। ২০০০ সাল থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের সক্রিয় খ্রীষ্ট বিশ্বাসীদের সংখ্যা অর্ধেক হয়ে গিয়েছে, অন্য দিকে ২০০৩ সালে নাস্তিকদের এবং অজ্ঞাবাদীদের শতকরা হার দ্বিগুণ হয়েছে। হে পিতা, তুমি লোকদের হৃদয় জাগ্রত করো যাতে লোকেরা তোমার অন্বেষণ করে। (রোমীয় ১৩:১১)